

বিষয়: মিডল্ স্কুলে ভর্তির আবেদন শুরু হয়েছে - 1 মার্চের মধ্যে আবেদন করুন!

প্রিয় পরিবার,

মিডল্ স্কুল ভর্তি আবেদন এখন শুরু হয়েছে, এবং 1 মার্চ, 2022 আবেদনের শেষ তারিখ।

আপনার সন্তান যদি নিউ ইয়র্ক সিটির অধিবাসী এবং বর্তমানে পঞ্চম গ্রেডের শিক্ষার্থী - এই দুটির উভয়টি হয়ে থাকে, তাহলে শেষ তারিখের মধ্যে আবেদনের বিষয়টি নিশ্চিত করুন।

যেভাবে আবেদন করবেন:

1. আপনার [MySchools.nyc](https://www.myschools.nyc.gov) অ্যাকাউন্টে লগ ইন করুন। আপনি মিডল্ স্কুলগুলি অনুসন্ধান এবং আবেদন করতে, DOE-এর অনলাইন ডিরেক্টরি এবং আবেদনের সিস্টেম (মাধ্যম) 'মাইস্কুলস্' ব্যবহার করবেন। আপনার অ্যাকাউন্টে যেতে সহায়তার প্রয়োজন আছে কি?
 - DOE-এর পাবলিক স্কুল অথবা চার্টার স্কুল শিক্ষার্থীগণ আপনার সন্তানের স্কুল কাউন্সিলরের সাথে কথা বলতে পারে।
 - প্রাইভেট বা প্যারোকিয়াল (ধর্মীয়) স্কুল শিক্ষার্থীরা কোনো [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে](https://www.myschools.nyc.gov/family-support) গিয়ে সহায়তা পেতে পারে।
2. আপনার সন্তানের স্কুল অপশনগুলো সম্পর্কে কীভাবে জানা যাবে। আপনি আপনার সন্তানের ব্যক্তিকরণকৃত মিডল্ স্কুল আবেদনপত্রে 12টি পর্যন্ত কর্মসূচিতে আবেদন করতে পারবেন।
 - আপনি যখন মিডল্ স্কুলে লগ ইন করেন, আপনার সন্তানের পছন্দ অনুযায়ী সার্চে সে যে মিডল্ স্কুলসমূহে যাবার যোগ্য তার সবকটির বৈশিষ্ট্য দেখা যাবে। আপনার সন্তান যদি কোন প্রোগ্রামে আবেদনের যোগ্য না হয়, ঐ প্রোগ্রামটি তার আবেদনের বিকল্প হিসেবে দেখা যাবে না।
 - তার মাইস্কুলস্ পৃষ্ঠাগুলিতে তার পছন্দের স্কুলসমূহ সম্পর্কে জেনে নিন, যেখানে লিংক এবং যোগাযোগের তথ্য রয়েছে। প্রোগ্রামগুলির নামের পাশের তারকাটিতে ক্লিক করে আপনার প্রিয় প্রোগ্রামের তালিকায় প্রোগ্রামগুলি সেভ করুন।
 - জেনে নিন মিডল্ স্কুলগুলি কোন ওপেন হাউসের অয়োজন অথবা তাদের ওয়েবসাইট পরিদর্শন অথবা সরাসরি যোগাযোগের মাধ্যমে সম্ভবনাময় পরিবারগুলির জন্য কোন রিসোর্স রয়েছে কিনা।
 - আপনার সন্তানের আবেদনপত্রে সর্বোচ্চ 12টি পর্যন্ত পছন্দ যোগ করুন। আপনার পছন্দের ক্রমানুযায়ী আপনার আবেদনের পছন্দসমূহ তালিকাভুক্ত করেছেন, সেটা নিশ্চিত করুন, আপনার প্রথম পছন্দের প্রোগ্রামটি সবার উপরে #1 হিসেবে থাকবে। অন্য যেকোন অগ্রাধিকারক্রম অনুযায়ী প্রোগ্রামগুলোকে তালিকাভুক্ত করায় কোন সুবিধা নেই।

আপডেট!!! আমরা এটা জানাতে পেরে আনন্দিত যে 2022 সালের ফল (হেমন্ত)-এর ভর্তির সময় থেকে শুরু করে DOE মিডল্ স্কুলের আবেদনকারীদের জন্য ভাইবোনের অগ্রাধিকার ধাপে ধাপে চালু করবে। এই উইন্টার-এ (শীতে) আবেদনকারী যেসব শিক্ষার্থীর ষষ্ঠ গ্রেডে পড়ছে এমন ভাইবোন রয়েছে, তারা ভাইবোন হিসেবে একই মিডল্ স্কুলে ভর্তির জন্য অগ্রাধিকার পাবে--[আরও জেনে নিন আমাদের এই ওয়েবসাইট থেকে](https://www.myschools.nyc.gov/family-support)।

3. আপনার আবেদনপত্রটি 1 মার্চ তারিখের মধ্যে জমা দিন।

- স্মরণ করিয়ে দিচ্ছি যে, আপনি তিনটি উপায়ের যেকোনো একটিতে আবেদন করতে পারেন: অনলাইনে [MySchools.nyc](https://www.myschools.nyc.gov)-সাইটে, আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে, অথবা একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](https://www.myschools.nyc.gov/family-support) মাধ্যমে।

- আপনি যদি অনলাইনে আবেদন করেন, ইমেইলে আপনি একটি রিসিট পাবেন এবং আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্টে। আপনি যদি কাউন্সেলর অথবা ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে আবেদন করেন, আপনার রিসিটের একটি কপির জন্য অনুরোধ জানাতে ভুলবেন না।

আরও জানতে আগ্রহী? কোন নির্দিষ্ট প্রোগ্রামে আপনার সন্তানের অফার লাভের সুযোগ কতটা সেটি জানাসহ সর্বশেষ হালনাগাদ ভর্তির তথ্য পেতে আমাদের ওয়েবসাইট, schools.nyc.gov/Middle, -তে যান। পৃষ্ঠার উপরে, আমাদের ভিডিও প্লেলিস্ট-এর অন্তর্ভুক্ত টিউটোরিয়ালে আছে কীভাবে আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট খুলতে হবে এবং আপনার সন্তানের আবেদনপত্র জমাদানের উপায়।

অডিশন দিতে আগ্রহী? মিডল্ স্কুল আর্টস্ প্রোগ্রামগুলি এই বছর ভার্সুয়াল অডিশন জমা দিতে পরিবারসমূহকে আমন্ত্রণ জানাবে। অডিশনসমূহ সম্পর্কে আরও জানতে, অনুগ্রহ করে আমাদের [মিডল্ স্কুল অডিশন ওয়েবসাইট](https://schools.nyc.gov/Middle) পরিদর্শন করুন।

সহায়তা প্রয়োজন? আমরা আপনাকে সহায়তাদানে প্রস্তুত! আপনার বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে কথা বলতে 718-935-2009 নম্বরে ফোন অথবা কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](https://schools.nyc.gov/Middle) সাথে যোগাযোগ করুন।

শুভ কামনায়,

মিডল্ স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের মিডল্ স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। **মিডল্ স্কুল অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।**